

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইউরোপ-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা


প্রেস বিজ্ঞপ্তি

আজ, ১৫ অক্টোবর ২০১৫ তারিখ, বাংলাদেশ সরকার এবং European Investment Bank (EIB) -এর মধ্যে রেলওয়ে মন্ত্রণালয়ের আওতাধীন 'Laksam - Akhaura Double Track Rail' শীর্ষক প্রকল্পে অর্থায়নের জন্য ১৩৫.০০ মিলিয়ন ইউরো ব্যয় সম্বলিত (প্রায় ১১৬২.৬৪ কোটি টাকার সমপরিমাণ) একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত ঋণ চুক্তিতে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত-সচিব (ইউরোপ) জনাব আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি এবং ইউরোপীয়ান ইনভেস্টমেন্ট ব্যাংকের পক্ষে Mr. Patrick Hugh Chamberlain, Associate Director এবং Mr. Ramon Ynaraja, Loan Officer স্বাক্ষর করেন।

Laksam - Akhaura Double Track Rail – শীর্ষক প্রকল্পটি মোট ৮০৬ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ০১ জুলাই, ২০১৪ হতে ৩০ জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়িত হতে যাচ্ছে। একনেক ইতোমধ্যে প্রকল্পের ডিপিপি অনুমোদন করেছে। ইআইবি কর্তৃক প্রদেয় ১৩৫.০০ মিলিয়ন ইউরো ছাড়াও এ প্রকল্পে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ৫০৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দিবে। অবশিষ্ট অর্থ বাংলাদেশ সরকার বহন করবে।

স্বাক্ষরিত এ প্রকল্পের মূল উদ্দেশ্য হল- আখাউড়া ও লাকসাম সেকশনে নতুন ৭২ কিঃমিঃ ডাবল লাইন নির্মাণ, বিদ্যমান ৭২ কিঃমি রেললাইনের মানোন্নয়ন এবং এ সেকশনে কম্পিউটার বেজড সিগন্যালিং সিস্টেম স্থাপনের মাধ্যমে বিদ্যমান রেল লাইনের মানোন্নয়ন ও সেকশনাল ক্যাপাসিটি বৃদ্ধি করা। উল্লেখ্য যে, এ প্রকল্পের মাধ্যমে ভবিষ্যতে ট্রান্স-এশিয়া রেলওয়ে নেটওয়ার্কও জোরদার হবে।

উল্লিখিত প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশে EIB-এর কার্যক্রম অধিকতর সম্প্রসারিত হল। ইতিপূর্বে ইআইবির সাথে দেশে কার্যকর বিদ্যুৎ উৎপাদন এবং বৃহত্তর ঢাকায় পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য দু'টি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আশা করা যাচ্ছে যে, ভবিষ্যতে বাংলাদেশের অন্যান্য সেক্টরেও অর্থায়ন সহযোগিতা প্রদানের মাধ্যমে EIB বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবে।


১৫/১০/১৫